বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড
তথ্য ভবন (লেভেল-১৪ ও ১৫)
১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।

নং ১৫.৫৯.০০০০.০০৫.১১.০০১.২২-১৬৭

১২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ।
তারিখ :---------------------------
২৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের রাজস্ব খাতভুক্ত গ্রেড-১৪ থেকে গ্রেড-১৬ পর্যন্ত (৩য় শ্রেণি) নিম্নোক্ত স্থায়ী পদে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী শুধু বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০১.	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টা: ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	১টি	সর্বোচ্চ ৩০ বৎসর	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫টি শব্দ এবং ইংরেজিতে ৭০টি শব্দ; (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি শব্দ এবং ইংরেজিতে ৩০টি শব্দ।	নরসিংদী, টাঙ্গাইল, ময়মনসিংহ, চট্টগ্রাম, রংপুর ও ভোলা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০২.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টা: ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	২টি	সর্বোচ্চ ৩০ বৎসর	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২০টি শব্দ এবং ইংরেজিতে ২০টি শব্দ।	

আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

০১। ২৬-০৬-২০২৩ তারিখে দৈনিক ইত্তেফাক, বাংলাদেশ প্রতিদিন ও ডেইলি অবজার্ভার পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদসমূহে যারা ইতোমধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

০২। ৩০ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা:
(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৩০ এপ্রিল ২০২৪ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ৩০ বছর।
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর।

০৩। শুধু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন।

০৪। কোনো পদে নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হবেন না যদি তিনি-
(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন এবং
(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

০৭। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

১০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

১১। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবি উল্লেখসহ সীল মোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
(ক) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);
(খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ০৬ (ছয়) মাসের অধিক পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়;
(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;
(ঘ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে বীর মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;
(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ

কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র;

(চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(জ) ডাউনলোডকৃত-Applicant's & Admit Card Copy-এর রঙিন প্রিন্ট কপি।

১৩। কেউ প্রকৃত তথ্য ও যোগ্যতা গোপন করে অথবা ভুল/ মিথ্যা তথ্য দিয়ে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোনো রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৫। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৭। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলী :**

ক. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীগণ http://bfcb.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র পুরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০২ জুন ২০২৪ সকাল ১০.০০ টা

(২) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০ জুন ২০২৪ বিকাল ০৪:০০ টা উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দেবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে ক্রমিক নং ১-২ পর্যন্ত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BFCB <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : BFCB ABCD Reply : Addressing Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type BFCB <space> YES <space> PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: BFCB <space> YES <space> PIN লিখে Send করতে হবে ১৬২২২.

Example : BFCB YES xxxxxxxx Reply : Congratulation ApplicantÕs Name, payment completed successfully for BFCB application for the post of xxx, User Id: (xxx) and Password (xxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bfcb.teletalk.com.bd অথবা বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ওয়েবসাইট www.bfcb.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Passward ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন :

i. User ID জানা থাকলে : BFCB <space> Help <space> User <space> User ID & Send to 16222.
Example : BFCB HELP user ABCD & send to 16222.

ii. PIN নাম্বার জানা থাকলে : BFCB <space> Help <space> PIN <space> PIN NO : BFCB Help PIN 1234567 and send to 16222.

ঝ. Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।

১৮. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৬.০৫.২০২৪

(মোঃ মঈনউদ্দীন)
উপপরিচালক
বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা
ও
সদস্য-সচিব, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি প্রদান কমিটি।

জি-১১৪৬ (২০x৪)